

কেমন আছ সবাই? আমি
রিফি! আমার বন্ধুরা ডাকে
সবজাত্তা রিফি, ওরা বিজ্ঞানের
পড়া না বুঝলে আমি বুঝিয়ে
দেই তো এজন্য! ও হ্যাঁ, বলতে
ভুলে গেছি, আমার গল্পের বই
পড়তে অনেক ভাল লাগে
(শার্ক হোমস আমার সবচে
ফেবারিট!), আর ভাল লাগে
বন্ধুদের সাথে নতুন নতুন
এডভেঞ্চারে যেতে।



আমি হচ্ছি
প্লুটো - দ্যা ম্যাগনিফায়ার!
ইয়ে মানে, ওটাই তো আমার
কাজ, তাইনা? দেখতেই
পাচ্ছে- আমি একটা ম্যাগনি-
ফাইং গ্লাস, বাংলায় যেটাকে
তোমরা বল আতশ কাঁচ। তবে
সবাই আমাকে প্লুটো বলেই
ডাকে। আমার সবচে প্রিয় বন্ধু
হল সবজাত্তা রিফি। আমি কোন
ঝামেলায় পড়লেই ওর কাছে
গিয়ে হাজির হই।



ফাগুনের আগুনে

নাসরীন সুলতানা মিত্র










এখন লেন্স তৈরির সময় এর দুইদিকের তল বাঁকিয়ে দেয়া হয় যাতে চাক্ষুর দিকে ফোলালো থাকে। ফলে বাতাস আর কাঁচের মধ্যস্থানের যেই তল সেটা আসলে মোটেও সমান না।

ধর, এই তলের উপরে যদি একটা খাড়া লম্বু ধরে নিই। হালকা থেকে ঘন মাধ্যমে ঢুকলে, মানে বাতাস থেকে কাঁচের ভেতরে ঢুকলে আলো আগের চেয়ে সোজাসুজি যেতে চাইবে মানে লম্বুর দিকে বেঁকে যাবে।



আবার যখন লেন্সের অন্য পাশ দিয়ে আলো কাঁচ থেকে বাতাসে বেরোবে সেই তলটাও উল্টোদিকে একইভাবে বাঁকা। এইদিকের তলেও আগের মত আরেকটা লম্বু ধরে নিই। কিন্তু এক্ষেত্রে আলোর রশ্মি লম্বু থেকে দূরে চলে যেতে চাইবে যেহেতু বাতাস হালকা মাধ্যম।

ফলে আলো আবার দিক পরিবর্তন করবে। এরকমভাবে আলোকরশ্মির পথ পালটে দিয়ে তাদেরকে একটা বিন্দুতে নিয়ে আসতে পারে লেন্স...



ধুরো! আমি আরেকটু হলো আপুনে মেদে
হতাম, আর তুমি শুরু করলে প্রতিসরণের
জ্ঞান দেয়া! আলোর প্রতিসরণের সাথে
জংগলে আপন ধরে যাবার সম্পর্কটা কই?



আরে বাবা! সম্পর্ক আছে বলেই তো
বলছি। সূর্য থেকে পৃথিবীতে তো শুধু
আলোই আসে না, সাথে তাপও আসে।

এজন্য রোদে বেরোলে
আমাদের গরম লাগে।



এখন লেন্সে আলোকরশ্মি কেন্দ্রীভূত হবার
সময় তো সাথের তাপটাকেও একটা কেন্দ্রে বা
ফোকাল পয়েন্টে নিয়ে আসে।



এখন অনেকখানি জায়গার তাপ যদি একটা ছোট
বিদ্যুৎমত জায়গায় কেন্দ্রীভূত করে ফেল ওইটুকু
জায়গায় তীব্রতা কত বেড়ে যাবে জেবেছ?

এই তাপের তীব্রতা বাড়তে বাড়তে একটা
পর্যায়ে ফোকাল পয়েন্টের আশেপাশে কাগজ,
শুকনো পাতা এরকম দাহ্য জিনিস থাকলে
আপন লেন্সে যাওয়াটা খুবই দুর্ভাবিক না?



এবার বুঝেছি!
হায় হায়- তাহলে
রোদের মধ্যে বেরুবার
কী করে?

হা হা হা!
উপায় আছে!



এই নাও! এটা মাথায়
দিয়ে বের হও যাও!

যাক্বা বা!
বাঁচালে!

